আজকের কাগজ

তারিখ 03 SEP 1992 পৃষ্ঠা ৬ কলাম ৭

17

### রাজবাড়ী সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়

# প্রধান শিক্ষিকার বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগ

রাজবাড়ী সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মমতাজ আওয়ালের বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার, অর্থ আত্মসাৎ ও বিদ্যালয়ের সম্পদ ক্ষতিসহ বিভিন্ন প্রকার অভিযোগ পাওয়া গেছে।

গত ১৮ আগস্ট বিদ্যালয়ের ৩৮৬ জন ছাত্রী স্বাক্ষরিত ১৪টি অভিযোগ সম্বলিত স্মারকলিপি জেলা প্রশাসকের কাছে প্রদান করা হয়।

অভিযোগে বলা হয়, প্রধান শিক্ষিকা বিদ্যালয়ের কয়েকটি গাছ বিক্রি করে ৪০ হাজার টাকা, স্কুলের টিনের ঘর ও বেড়া থেকে প্রাপ্ত টিন বাবদ ১ লাখ ৩০ হাজার টাকা এবং সরকারি বাড়িতে বসবাস করেও বাড়ি ভাড়াসহ পূর্ণ বেতন উত্তোলন করে ৭২ হাজার ২শ' ২০ টাকা আত্মসাৎ করেছে।

বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের কাছ থেকে নিয়মিত চাঁদা উত্তোলন করলেও দীর্ঘদিন ম্যাগাজিন প্রকাশ করা হয় না। এছাড়া বিদ্যালয়ের বিভিন্ন ধরনের ফলের গাছ থেকে প্রাপ্ত ফল বিক্রি করে সরকারি কোষাগারে জমা না দিয়ে নিজেই আত্মসাৎ করেছে বলে অভিযোগে উল্লেখ রয়েছে।

বিদ্যালয়ের অডিও সেটটিও নিজের বাসায় ব্যবহার এবং ছাত্রীদের কমনরুম ব্যক্তিগত সম্পদ দ্বারা বোঝাই রেখে ছাত্রীদের বিনোদনের সুযোগ থেকে বঞ্চিত করছেন। বিদ্যালয়ের টেলিফোন সেটটি যথেচ্ছ ব্যবহার করে বিদ্যালয় থেকে বিল পরিশোধ করা হয়। এমনকি এখনও টিএন্ডটির কাছে ২৩ হাজার টাকার বিল অপরিশোধিত রয়েছে বলে স্মারকপত্রে উল্লেখ রয়েছে।

উপরোক্ত অভিযোগের প্রেক্ষিতে প্রধান শিক্ষিকার সঙ্গে যোগাযোগ করা হলে তিনি সমস্ত অভিযোগ ভিত্তিহীন ও বানোয়াট বলে উল্লেখ করেন।

বিশস্ত সূত্রে জনা গেছে, ৩ সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে এবং তদন্ত কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে। রাজবাড়ী থেকে জেলা প্রতিনিধি।

FARIDPUR